

চালু হচ্ছে ঢাকা-করাচি সরাসরি ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 04 February, 2025



ঢাকা : প্রায় ৭ বছর পর ঢাকা ও করাচির মধ্যে সরাসরি ফ্লাইট চালুর অনুমোদন পেয়েছে পাকিস্তানের এয়ারলাইনস 'ফ্লাই জিন্মাহ'।

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) জানিয়েছে, প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন করার পর ফ্লাইট পরিচালনা শুরু করবে এয়ারলাইনসটি।

বেবিচকের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মঞ্জুর কবীর ভূঁইয়া বলেন, "তারা আমাদের কাছে আবেদন করেছিল, আমরা অনুমোদন দিয়েছি। এখন স্থানীয় প্রতিনিধি নিয়োগ ও স্লট ফ্রিকোয়েন্সি নির্ধারণের পর ফ্লাইট চালু হবে।"

২০২৪ সালের ৫ আগস্ট সরকার পরিবর্তনের পর দুই দেশের সম্পর্কে নতুন গতি আসে, যা এই ফ্লাইট চালুর ক্ষেত্রেও ইতিবাচক প্রভাব ফেলে। গত ২ সেপ্টেম্বর পাকিস্তানের হাই কমিশনার আহমদ মারুফ স্বরাষ্ট্র উপদেষ্টার সঙ্গে বৈঠকে ফ্লাইট পুনরায় চালুর ওপর গুরুত্ব দেন।

এর আগে, ২০১৮ সালে সর্বশেষ সরাসরি ফ্লাইট পরিচালনা করেছিল পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইনস (পিআইএ)। তবে জাল মুদ্রা চোরাচালানের অভিযোগে পিআইএর ঢাকা কার্যক্রম বন্ধ হয়ে যায়।

ঢাকা থেকে করাচির আকাশপথের দূরত্ব প্রায় ২,৩৭০ কিলোমিটার। তবে সরাসরি ফ্লাইট না থাকায় বর্তমানে ট্রানজিট নিয়ে যেতে হয়, যা যাত্রার সময় ৮ থেকে ২২ ঘণ্টা পর্যন্ত দীর্ঘায়িত করে।

বর্তমানে ট্রানজিটসহ ইকোনমি ক্লাসের রিটার্ন টিকিটের ভাড়া ৮৫ হাজার থেকে ১ লাখ ২০ হাজার টাকা। একসময়কার ৫০ থেকে ৫৫ হাজার টাকার ভাড়া বেড়ে গেছে কয়েকগুণ।

এয়ারলাইনস খাতের সংশ্লিষ্টরা মনে করছেন, সরাসরি ফ্লাইট চালু হলে দুই দেশের বাণিজ্য ও পর্যটন বাড়বে। ট্রাভেল এজেন্টদের সংগঠন আটাবের সভাপতি আবদুস সালাম আরেফ বলেন, "পাকিস্তানের পর্যটনকেন্দ্রগুলোতে ভ্রমণ সহজ হবে, বাংলাদেশেও তাদের পর্যটকরা আসতে

পারবে। পাশাপাশি মধ্যপ্রাচ্যের ফ্লাইটের ওপর চাপ কিছুটা কমবে।"

ফ্লাই জিন্নাহ পাকিস্তানের লাকসন গ্রুপ ও এয়ার এরাবিয়ার যৌথ উদ্যোগে পরিচালিত 'লো কস্ট' এয়ারলাইনস। বর্তমানে ৬টি উড়োজাহাজ নিয়ে ১১টি আন্তর্জাতিক রুটে ফ্লাইট পরিচালনা করছে এয়ারলাইনসটি।

-B